

প্রক্রিয়া দিতে গিয়ে ধরা পড়ে কলেজ ছাত্রের কারাদণ্ড

চট্টগ্রাম বুরো

১২ মে ২০১৯ ০০:০০ | আপডেট: ১২ মে ২০১৯ ০০:০৬



বাংলাদেশ সরকার
আমাদের মমতা

চট্টগ্রাম সরকারি সিটি কলেজে এক ছাত্রের হয়ে স্নাতক পরীক্ষায় অংশ নিয়ে চট্টগ্রাম সরকারি কলেজের এক শিক্ষার্থী ধরা পড়েছে। তাকে এক বছর সাত দিনের সাজা দিয়েছে ভাষ্যমাণ আদালত। গতকাল শনিবার চট্টগ্রাম সরকারি সিটি কলেজে স্নাতক পাস কোর্সের প্রথম বর্ষের চূড়ান্ত পরীক্ষা চলছিল। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের পরীক্ষা চলাকালীন হলে দায়িত্বরত শিক্ষকের কাছে ধরা পড়ার পর মো. আবদুল্লাহ আল জাবের নামে এই শিক্ষার্থীকে জেলা প্রশাসনের ভাষ্যমাণ আদালতের কাছে তুলে দেওয়া হয়। আবদুল্লাহ আল জাবের চট্টগ্রাম সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সম্মান দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী। একই কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সেমিনার সহকারী হিসেবে কর্মরত মো. সাঈদ নূর সিটি কলেজের স্নাতক পাস কোর্সের ছাত্র। ভাষ্যমাণ আদালত পরিচালনাকারী চট্টগ্রাম জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহফুজা জেরিন বলেন, সাঈদ নূরের হয়ে এর মধ্যে চারটি পরীক্ষা দিয়েছে জাবের। পঞ্চম পরীক্ষায় এসে সে খাতার ওপর নাম লেখার সময় ভুলে নিজের নাম লিখে ফেলে। এতে হলে দায়িত্বরত শিক্ষকের সন্দেহ হয়। এ সময় তাকে জেরা করলে প্রক্রিয়া দিতে আসার কথা স্বীকার করে সে।